দৈনিক ইত্তেফাক

তারিখ 27 DEC 1995
পৃষ্ঠা ২ কলাম ৬

122

## গড়ে ৬৬ নম্বর পাইয়াও ফেল

আমি যশোর বোর্ডের অধীনে বরিশাল সরকারী মহিলা কলেজ হইতে ১৯৯৫ সনে এইচ, এস, সি, পরীক্ষা দেই। ৮টি বিষয়ে গড়ে ৬৬% নম্বর পাইয়াও শুধু একটি বিষয়ে ফেল দেখানোর কারণে আমি পরীক্ষায় অনুত্তীর্ণ হইয়াছি। বিষয়টি অর্থনীতি, যাহাতে কোন-ক্রমেই আমার ফেল করার কথা নয়। সম্পূর্ণ মার্কশীট পর্যালোচনা করিলে মনে হয় আমার অর্থনীতির খাতা হারাইয়া ফেলিয়া আন্দাজে নম্বর দেওয়া হইয়াছে। আট/নয়টি বিষয়ে প্রথম ষাটোর্ধ্ব নম্বর পাওয়া পরীক্ষার্থীকে এরূপ অলৌকিক-ভাবে একটি বিষয়ে ফেল করাইয়া অনেক ছাত্র-ছাত্রীকে আত্ম-হত্যার পথে ঠেলিয়া দিয়াছে বিভিন্ন বোর্ড। আত্মঘাতী পথে না যাইয়া আমি নিয়ম অনুযায়ী আমার অর্থনীতির খাতা পুনঃ-পরীক্ষার আবেদন করিয়াছি। আমার কলেজের অধ্যক্ষ মহোদয়াও তাঁহার সুপারিশ যশোর বোর্ডে প্রেরণ করিয়াছেন। এমতাবস্থায় বোর্ড কর্তৃপক্ষ সমীপে আমার আবেদন, আমার খাতা যদি না হারাইয়া থাকে তবে প্রকাশ্যে উহা পুন:পরীক্ষা করা হউক।

—মোসাম্মৎ শাহনাজ পারভীন, এইচ,এস,সি পরীক্ষার্থী-৯৫, যশোর বোর্ড, রোল-৩০৬৬০৬, সরকারী মহিলা কলেজ, বরিশাল।